## Sanatan Dharma

**কার্তিক ধ্যান**

কার্তিক ধ্যান

ওঁ (কুমারবীজ) কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরি সংস্থিতম্।
তপ্ত কাঞ্চন বর্ণাভং শক্তিহস্তং বরপ্রদং।।
দ্বিভুজং শত্রুহন্তারং নানালঙ্কার ভূষিতং।
প্রসন্নবদনং দেবং সর্বসেনাসমাবৃতম্।।

অর্থাৎ - হে মহাভাগ ভগবান কার্তিকেয় আপনি ময়ূরবাহনে আসীন, আপনার অঙ্গকান্তি গলিত সুবর্ণের (সোনা) ন্যায়, আপনি দ্বিভুজায় বরমুদ্রা তথা শক্তিনামক মহাস্ত্র ধারণ করেছেন, আপনি শত্রুর বিনাশকারী তথা নানান অলংকারে উত্তমরূপে বিভূষিত, হে দেব আপনি সেনা পরিবৃত এবং প্রসন্নতা যুক্ত বদনমণ্ডল সংযুক্ত।

প্রণাম মন্ত্র

ওঁ কার্ত্তিকেয়ং নমস্যামি গৌরিপুত্রং সুতপ্রদম্।
কুমারং রক্ষমাং দেবং দৈত্যার্দ্দন নমোহস্তুতে।।

অর্থাৎ - হে গৌরীপুত্র! হে সন্তানপ্রদ ! হে কার্তিক ! আপনাকে প্রণাম করি। হে দেব ! হে কুমার ! হে দৈত্যসুদন ! আপনি আমায় রক্ষা করুন, আপনাকে প্রণাম করি।

স্তুতি

ওঁ কার্তিকেয় মহাভাগ দৈত্যদর্পনিসূদন।
প্রণতোহং মহাবাহো নমস্তে শিখিবাহন
রুদ্রপুত্র নমস্তভ্যং শক্তিহস্ত বরপ্রদ
ষাম্মাতুর মহাভাগ তারকান্তকর প্রভো
মহাতপস্বী ভগবান পিতুর্মাতুঃ প্রিয় সদা
দেবানাং যজ্ঞরক্ষার্থং জাতস্ত্বং গিরিশিখরে শৈলাত্মজায়াং ভবতে তুভ্যং নিত্যং নমো নমঃ ।

অর্থাৎ - হে রুদ্রপুত্র ! আপনাকে প্রণাম, আপনি বরমুদ্রা ও শক্তি নামক অস্ত্র ধারণকারি, আপনি ষড়ানন যুক্ত, পিতা-মাতার প্রিয় সন্তান, প্রভু আপনি তারকনামক নামক অসুরের বিনাশকারী, মহান তপস্যাকারি তপস্বী, আপনি নিখিল দেবগনের যজ্ঞের রক্ষাকারি, গিরিশিখরে আপনার জন্ম, হে পার্বতীপুত্র আপনাকে রোজ বারংবার প্রণাম।

Published on: Nov, 19 2023 17:51